গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯১ | তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮
১৪ সেপ্টেম্বর ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ১৩.০৯.২০২১ খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০ টা

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তিঃ ক্রমিক নম্বর ০২ (দুই), তারিখ: ১৩.০৯.২০২১

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা উপকূলীয় এলাকায় অবস্থানরত নিম্নচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে একই এলাকায় (২০.৫^{o} উত্তর অক্ষাংশ এবং ৮৬.৮^{o} পূর্ব দ্রাঘিমাংশ) গভীর নিম্নচাপে পরিণত হয়েছে। এটি আজ (১৩ সেপ্টেম্বর, ২০২১) সকাল ০৯ টায় চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ৫৮৫ কিঃমিঃ পশ্চিম-দক্ষিণপশ্চিমে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ৫৮৫ কিঃমিঃ পশ্চিম-দক্ষিণপশ্চিমে, মোংলা সমুদ্রবন্দর থেকে ৩৮০ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে এবং পায়রা সমুদ্রবন্দর থেকে ৪২৫ কিঃমিঃ দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। এটি আরো পশ্চিম/উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

গভীর নিম্নচাপ কেন্দ্রের ৪৮ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৫০ কিঃ মিঃ যা দমকা অথবা ঝড়ো হাওয়ার আকারে ৬০ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। গভীর নিম্নচাপ কেন্দ্রের নিকটে সাগর খুবই উত্তাল রয়েছে ।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) (পুনঃ) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

গভীর নিম্নচাপটির প্রভাবে উপকূলীয় জেলা সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, ঝালকাঠি, পিরোজপুর, বরগুনা, পটুয়াখালী, ভোলা, বরিশাল, লক্ষ্মীপুর ও চট্টগাম এবং এর অদূরবর্তী দ্বীপ ও চরসমূহের নিম্নাঞ্চল স্বাভাবিক জোয়ারের চেয়ে ০২-০৩ ফুট অধিক উচ্চতার বায়ু তাড়িত জলোচ্ছাসে প্লাবিত হতে পারে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত নিরাপদ আশ্রয়ে থাকতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

২। আজ ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, মাদারীপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন মধ্য বঙ্গোপসাগর অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে প্রথমে নিম্নচাপ এবং পরে গভীর নিম্নচাপে পিরণত হয়ে বর্তমানে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা উপকূল এলাকায় (২৫.৫^o উত্তর অক্ষাংশ এবং ৮৬.৮^o পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আরও পশ্চিম/উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হতে পারে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, মধ্যপ্রদেশ, উত্তর প্রদেশ, বিহার, গভীর নিম্নচাপের কেন্দ্রস্থল, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে অন্যত্র প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায়; ঢাকা ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের দক্ষিণাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রি সেঃ হ্রাস পেতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.৪	৩৪.৪	৩৫.২	৩৫.৮	৩৬.০	৩৬.৫	৩৫.০	৩২.৪
সর্বনিম্ন তাপমাত্রা	২৫.৬	২৬.০	২৫.৬	২৬.৫	২৬.৫	২৫.৩	২৫.৬	২৫.৮

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেঁতুলিয়া ৩৬.৫^o সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজারহাট ২৫.৩^o সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

৪ (ক)। ০৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ থেকে পরবর্তী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- **ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে। সিরাজগঞ্জ জেলার কাজীপুর ও সিরাজগঞ্জ স্টেশন, টাঙ্গাইল জেলার এলাসিনঘাট স্টেশন এবং মানিকগঞ্জ জেলার আরিচা স্টেশনে পানি সমতল আগামী ৭ দিন হ্রাস পেতে পারে, যার ফলে এ সকল জেলার নিম্নাঞ্চলে চলমান বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।**
- **গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল আগামী ৫ দিন হ্রাস পেতে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট, মুন্সীগঞ্জের ভাগ্যকূল ও মাওয়া পয়েন্টে এবং শরীয়তপুর সুরেশ্বর পয়েন্টে পানি সমতল আগামী ৭ দিন স্থিতিশীলভাবে কমতে পারে যার ফলে আগামী ৭ দিনে চলমান বন্যা পরিস্থিতির উন্নতি হতে পারে।**
- **ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে। আগামী ৭ দিনে ঢাকার চারপাশের**

নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	১২	গেজ পাঠ পাওয়া যায়নি	০
হ্রাস	৯৩	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৪	**বিপদ সীমার উপরে**	০১

৪ (গ)। বিপদ সীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ২৯ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/ ১৩ সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

ক্রৎ নং	জেলার নাম	পানি সমতল স্টেশন	নদীর নাম	আজকের পানি সমতল (মিটার)	বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.)	বিপদ সীমা (মিটার)	বিপদ সীমার উপরে (সে.মি.)
১	গাজীপুর	কালিয়াকৈর	তুরাগ	৮.৫৮	-০৪	৮.৪০	+১৮

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
যশোর	৫৭.০	চাঁদপুরবাগান	২৪.০

৫ (ক)। গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
-	-	-	-

৬। বন্যা পরিস্থিতিঃ

১) গাজীপুরঃ জেলার কালিয়াকৈর পয়েন্টে তুরাগ নদীর পানি দ্রুত হ্রাস পাচ্ছে এবং বর্তমানে বিপদসীমার ১৮ সে.মি. উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। বন্যা পরিস্থিতির উন্নতি হচ্ছে।

৭। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১১ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১২ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ১০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	রাজশাহী	২	০	০
৩।	চট্টগ্রাম	১	০	০
৪।	খুলনা	১	০	০
৫।	রংপুর	১	০	০
	মোট	**১০**	**০**	**০**

৮ (ক)।দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে মানবিক সহায়তার কার্যক্রমঃ

- ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ৫ টি জেলায় গো-খাদ্য ক্রয়পূর্বক মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, রাজশাহী এর অনুকূলে ৩৮,৮৮,০০০/- (আটত্রিশ লক্ষ আটাশি হাজার) টাকা, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট এর অনুকূলে ২৪,৩০,০০০/- (চব্বিশ লক্ষ ত্রিশ হাজার) টাকা করে, মুন্সিগঞ্জ এর অনুকূলে ৩৬,৭২,০০০/- (ছত্রিশ লক্ষ বাহাত্তর হাজার) টাকা ও কুষ্টিয়া এর অনুকুলে৩৫,১০,০০০ (পঁয়ত্রিশ লক্ষ দশ হাজার) টাকা করে মোট ১,৫৯,৩০,০০০/- (এক কোটি উনষাট লক্ষ ত্রিশ হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে।
- ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত ২ টি জেলায় শিশু খাদ্য ক্রয়পূর্বক মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, লালমনিরহাট এর অনুকূলে ৮,১০,০০০/- (আট লক্ষ দশ হাজার) টাকা এবং মুন্সিগঞ্জ এর অনুকূলে ১২,২৪,০০০/- (বার লক্ষ চব্বিশ হাজার) টাকা করে মোট ২০,৩৪,০০০/- (বিশ লক্ষ চৌত্রিশ হাজার) টাকা বরাদ্দ দেয়া হয়েছে।
- ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের বাড়ি-ঘর মেরামত/ পুনঃনির্মাণের লক্ষ্যে জেলা প্রশাসক, সাতক্ষীরা এর অনুকুলে ২০০ (দুইশত) বান্ডিল ঢেউটিন এবং গৃহমঞ্জুরি বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।
- ০৭/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যা ও নদীভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, টাঙ্গাইল ও মুন্সিগঞ্জ এর অনুকুলে ত্রাণ কার্য (নগদ) ১০,০০,০০০ (দশ লক্ষ) করে মোট ৭০,০০,০০০ (সত্তর লক্ষ) টাকা বরাদ্দ দেয়া হয়েছে।
- ০৭/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সাম্প্রতিক বন্যা ও নদীভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের জন্য জেলা প্রশাসক, গাইবান্ধা ও মানিকগঞ্জ এর অনুকুলে ১৫০ (একশত পঞ্চাশ) মে: টন করে ত্রাণ কার্য (চাল), লালমনিরহাট, জামালপুর ও শরীয়তপুর এর অনুকুলে ২০০ (দুইশত) মে: টন করে ত্রাণ কার্য (চাল) এবং পাবনা, রাজবাড়ী ও মাদারীপুর এর অনুকুলে ১০০ (একশত) মে: টন করে মোট ১,২০০ (এক হাজার দুইশত) মে: টন ত্রাণ কার্য (চাল) বরাদ্দ দেয়া হয়েছে।
- ০৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের বাড়িঘর মেরামত/ পুনঃনির্মাণের লক্ষ্যে জেলা প্রশাসক, পিরোজপুর (পিরোজপুর-৩ নির্বাচনী এলাকা মঠবাড়ীয়া উপজেলার জন্য) এর অনুকুলে ২০০ (দুইশত) বান্ডিল ঢেউটিন এবং গৃহমঞ্জুরি বাবদ ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা বরাদ্দ করা হয়েছে।

৮ (খ)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

ক্রঃ নং	ত্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১৩/০৯/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা

২	ত্রাণ কার্য (নগদ অর্থ)	৩৯,৩৮,৮৯,০০০/- (উনচল্লিশ কোটি আটত্রিশ লক্ষ উননব্বই হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা	১০৫০,৫২,২১,৫১১/- (এক হাজার পঞ্চাশ কোটি বায়ান্ন লক্ষ একুশ হাজার পাঁচশত এগারো) টাকা
৩	চাল	১,৪৪,৫১৫.৫১ (এক লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত পনের দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৯,০৫৭.৫১ (পাঁচ লক্ষ উননব্বই হাজার সাতান্ন দশমিক পাঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম)]	৩২,৫০০ (বত্রিশ হাজার পাঁচশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,২০,২০০ (সাত লক্ষ বিশ হাজার দুইশত) প্যাকেট
৫	ঢেউটিন	৭০০ বান্ডিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বান্ডিল	৩২,৫০০ (বত্রিশ হাজার পাঁচশত) বান্ডিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	২১,০০,০০০/- টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৭৫,০০,০০০/- (নয় কোটি পঁচাত্তর লক্ষ) টাকা
৭।	সংযুক্ত আরব আমিরাত সরকার থেকে প্রাপ্ত খাদ্য সামগ্রী	৭০০ কার্টুন	-	৭০০ কার্টুন

৮ (গ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (১২/০৯/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	২,৭০,৮৫১ টি	১১,২৬১ টি	**২,৮২,১১২ টি**
উপকারভোগী লোক সংখ্যা	১১,৮৩,৪৭৮ জন	৫৫,২৪৩ জন	**১২,৩৮,৭২১ জন**

৯। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১৪-৯-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৯১/১(১৭১)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮
১৪ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৪-৯-২০২১
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা